

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি  
পল্লী ভবন (৭ম তলা)  
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[Web:mcpmp.brdb.gov.bd](http://Web:mcpmp.brdb.gov.bd)


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.২৬৫

তারিখ: ২৮/০৮/২০২২ খ্রিঃ।

বিষয়: প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের প্রধান কর্ম অঙ্গ হচ্ছে ঋণ বিতরণ ও আদায়। স্বল্প সেবামূল্যে বিতরণকৃত ঋণ কোনমতেই খেলাপী হতে দেওয়া যাবে না। তাছাড়া মেয়াদ শেষে এই প্রকল্পটি নতুন আঙ্গিকে পরিচালিত হওয়ার সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমের মাধ্যমে কর্মসূচিটি পরিচালিত হবে। এজন্য প্রকল্পের ঋণ কার্যক্রম অত্যন্ত গতিশীল হওয়া প্রয়োজন। এমতাবস্থায়, প্রত্যেক মাঠ সংগঠককে প্রতি সপ্তাহে ৫০,০০০/- টাকা হিসেবে মাসে কমপক্ষে ২,০০,০০০/- থেকে ২,৫০,০০০/- টাকা এবং বছরে কমপক্ষে ২৬,০০,০০০/- টাকা ঋণ আদায় নিশ্চিত করতে হবে। ঋণ আদায় কার্যক্রমকে অধিকতর গতিশীল, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক করার লক্ষ্যে প্রত্যেক মাঠ সংগঠককে তাঁর সাপ্তাহিক আদায়কৃত টাকার ব্যাংক জমা রশিদের ফটোকপি/ ছবি সাপ্তাহিক ভিত্তিতে সংশ্লিষ্ট অপ্রধান শস্য বিশেষজ্ঞ/ শস্য উন্নয়ন কর্মকর্তার ই-মেইল অথবা হোয়াটস অ্যাপ এ প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো। ব্যর্থতায় সংশ্লিষ্ট মাঠ সংগঠকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্পে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা হবে।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।



(মোঃ আব্দুর রশিদ খান)

উপপ্রকল্প পরিচালক

ফোন:-০২ ৫৫০১২০৩৪।

E-mail: [dpmcpmp@gmail.com](mailto:dpmcpmp@gmail.com)

প্রাপক:

মাঠ সংগঠক (সকল)

'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের  
অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি'

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

..... উপজেলা, ..... জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। উপপরিচালক, বিআরডিবি, ..... জেলা (সকল)।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ..... উপজেলা (২৫৬)।

৩। অপ্রধান শস্য বিশেষজ্ঞ/ শস্য উন্নয়ন কর্মকর্তা, দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য  
উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি', বিআরডিবি, ..... উপজেলা।

৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।

৫। অফিস নথি।